# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৯৮) কিভাবে সীরাতুল মুস্তাকীমে চলা সম্ভব? তা থেকে বিপদগামী হওয়া থেকে বাঁচার উপায় কী?

উত্তরঃ আল্লাহর কিতাব ও রাসূলের সুন্নাতকে দৃঢ়ভাবে ধারণ করা, তার উপর আমল করা এবং কিতাব ও সুন্নাতের নির্ধারিত সীমারেখা অতিক্রম না করা। কিতাব ও সুন্নাতের উপর আমলের মাধ্যমেই নির্ভেজাল তাওহীদ ও রাসূলের সঠিক অনুসরণ করা সম্ভব। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

وَمَنْ يُطِعِ اللَّهَ وَالرَّسُولَ فَأُولَئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ وَحَسُنَ أُولَئِكَ رَفِيقًا

"আর যারা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য করে, তারা ঐ সমস্ত লোকের সাথে থাকবে, যাদের উপর আল্লাহ্ অনুগ্রহ করেছেন; অর্থাৎ নবীগণ, সত্যবাদীগণ, শহীদগণ এবং সৎকর্মশীলগণের সাথে থাকবেন। কতই না উত্তম বন্ধু তারা"। (সূরা নিসাঃ ৬৯) এই আয়াতে যেসমস্ত নেয়ামতপ্রাপ্ত লোকদের কথা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে, সূরা ফাতিহায় তাদেরকে সরল পথের অনুসারী হিসাবে আখ্যায়িত করা হয়েছে। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ * صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلاَالضَّالِّينَ

"আমাদেরকে সরল সঠিক পথ দেখাও। সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের উপর তোমার গযব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে"। (সূরা ফাতিহাঃ ৬-৭) পৃথিবীতে বান্দার জন্যে সবচেয় বড় নেয়ামত হচ্ছে, সীরাতে মুস্তাকীমের সন্ধান পাওয়া এবং গোমরাহীর পথ হতে পরিত্রাণ পাওয়া। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর উম্মাতকে এই সীরাতে মুস্তাকীমের উপরই রেখে গেছেন। তিনি বলেনঃ

(قَدْ تَرَكْتُكُمْ عَلَى المحجة الْبَيْضَاءِ لَيْلُهَا كَنَهَارِهَا لاَ يَزِيغُ عَنْهَا بَعْدِي إِلَّا هَالِكٌ)

"আমি তোমাদেরকে একটি উজ্জ্বল পথে রেখে যাচ্ছি, যাতে রাত দিনের মতই। অর্থাৎ তাতে কোন প্রকার অন্ধকার এবং অস্পষ্টতা নেই। আমার পরে বদনসীব ব্যতীত অন্য কেউ তা থেকে দূরে থাকতে পারে না"।[1]

## ফুটনোট

[1] - মুসনাদে আহমাদ। ইমাম আলবানী হাদীছটিকে সহীহ বলেছেন। হাদীছ নং ৯৩৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন